

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

এফ ই সার্কুলার নং-১০

ভদ্র ০৪, ১৪২২

তারিখ : -----

আগস্ট ১৯, ২০১৫

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত

সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

হাডের গুড়া রপ্তানি খাতে L/C বা ঋণপত্রের পাশাপাশি চুক্তিপত্রের মাধ্যমে রপ্তানিকরণসহ

Advance T.T. এর মাধ্যমে রপ্তানি আয় প্রত্যাবাসিত হওয়ার ক্ষেত্রে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জারীকৃত এফ ই সার্কুলার নং-২৫, তারিখ: ডিসেম্বর ১২, ২০০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, হাডের গুড়া রপ্তানি খাতে ঋণপত্রের পাশাপাশি চুক্তিপত্রের মাধ্যমে রপ্তানির ক্ষেত্রেও নগদ সহায়তা প্রদেয় হবে। টিটির মাধ্যমে অগ্রিম রপ্তানিমূল্য প্রত্যাবাসনের বিপরীতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নগদ সহায়তা পরিশোধ্য হবেঃ

(ক) টিটির মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধের শর্তটি ঋণপত্র/চুক্তিপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে ;

(খ) টিটির মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধের শর্তযুক্ত ঋণপত্র/চুক্তিপত্রের বিপরীতে রপ্তানির ক্ষেত্রে বিদেশী ক্রেতার যথার্থতা/ বিশ্বাসযোগ্যতা, মূল্যের সঠিকতা এবং বাংলাদেশ হতে প্রকৃত রপ্তানির বিপরীতে অগ্রিম রপ্তানিমূল্য প্রাপ্তির বিষয়ে টিটি বার্তার ভাষ্য ও অন্যান্য কাগজপত্রের ভিত্তিতে অনুমোদিত ডিলার ব্যাংককে সম্পূর্ণ নিশ্চিত হতে হবে ;

(গ) টিটির মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধ সরাসরি ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে (এক্সচেঞ্জ হাউস ব্যতীত) রপ্তানি আদেশ প্রদানকারী বা আমদানিকারক কর্তৃক সম্পন্ন হতে হবে এবং টিটি বার্তার ভাষ্যে আমদানি সংশ্লিষ্ট তথ্যসূত্র উল্লেখ থাকতে হবে ;

(ঘ) উল্লিখিত নির্দেশনাসমূহ এ সার্কুলার জারীর তারিখ থেকে জাহাজীকরণকৃত পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫০